



আঞ্চলিক তথ্য অফিস, সিলেট



তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্যবিবরণী

নম্বর: ০৬৫

নতুন প্রজন্মকে মুক্তিযোদ্ধাদের আদর্শে উদ্বুদ্ধ হয়ে দেশ গড়তে হবে

---খান মো. রেজা-উন-নবী

সিলেট, সোমবার, ০১ পৌষ (১৬ ডিসেম্বর):

সিলেট সিটি কর্পোরেশনের প্রশাসক ও বিভাগীয় কমিশনার খান মো. রেজা-উন-নবী বলেছেন, দেশ ও মানুষের মুক্তি লড়াইয়ে মুক্তিযোদ্ধাবৃন্দ যে ত্যাগ স্বীকার করেছেন তা ইতিহাসে অনন্য। নতুন প্রজন্মকে যেন রাজপথে আর রক্ত ঝারাতে না হয় সেজন্য জাতির এ শ্রেষ্ঠ সন্তানদের আদর্শে উদ্বুদ্ধ হয়ে দেশ গড়তে হবে। আজ সোমবার ১৬ ডিসেম্বর সিলেটে সিটি কর্পোরেশনের আয়োজনে নগরীর শারদা স্মৃতি ভবনে মহান বিজয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা ও আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানে সিটি কর্পোরেশনের প্রশাসক বলেন, মুক্তিযোদ্ধাবৃন্দ জাতির সংকটময় মুহূর্তে মানুষের মুক্তির জন্য এগিয়ে এসেছিলেন। সেকারণে ক্রান্তিকালে এ যোদ্ধারা মুক্তিকামী মানুষের কাছে সর্বোচ্চ আসনে আসীন, তাঁরা জাতির শ্রেষ্ঠ সন্তান।

দেশের জন্য আত্মোৎসর্গ করা সকল বীর শহীদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিভাগীয় কমিশনার খান মো. রেজা-উন-নবী বলেন, মুক্তিসংগ্রামের অসম্পূর্ণ পথপরিক্রমা সফল করতে অনেক পথ পাড়ি দিতে হবে। এখনও পরিবর্তন ও বৈষম্য নিরসনের জন্য আন্দোলন করতে হয়। তরুণ প্রজন্মকে রাজপথে রক্ত দিতে হয়। সবাই এ প্রক্রিয়ার পরিসমাপ্তি চায়। আন্দোলন করে যাতে রাজপথে রক্ত দিতে না হয় সে জন্য দায়িত্বশীলরা নতুন প্রজন্মকে সাথে নিয়ে কাজ করবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানিয়ে খান মো. রেজা-উন-নবী আরো বলেন, সবাইকে ঐক্যবদ্ধ করতে পারলে, দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে একসাথে কাজ করলে অবশ্যই জাতির শ্রেষ্ঠ সন্তানদের আকাঙ্ক্ষা পূরণ হবে।

সিলেট সিটি কর্পোরেশনের সচিব মো. আশিক নূরের সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ রেজাই রাফিন সরকার, সিটি কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ এবং মুক্তিযোদ্ধাবৃন্দ।

#

মাসুদ/ডলি/২০২৪/১৭:৩০ ঘণ্টা